# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 14 April, 2025

বাঙালির প্রাণের উৎসব পহেলা বৈশাখ ১৪৩২ উদযাপন উপলক্ষে ঝালকাঠির রাজাপুর উপজেলা প্রশাসনের উদ্যোগে সকাল থেকে নানা বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মঙ্গলবার (১৪ এপ্রিল) উৎসবের শুরুতেই সকাল সাড়ে ৮টায় উপজেলা চত্বর থেকে একটি বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা বের করা হয়।এতে উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক সংগঠন এবং নানা শ্রেণিপেশার মানুষ অংশগ্রহণ করেন।রঙিন ব্যানার, মুখোশ, পেঁপড়া ও ঐতিহ্যবাহী নানা অনুষঙ্গ নিয়ে শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

শোভাযাত্রা শেষে উপজেলা অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।এতে স্থানীয় শিল্পীরা রবীন্দ্রসংগীত, লোকসংগীত, নৃত্য ও কবিতা আবৃত্তি পরিবেশন করেন।অনুষ্ঠানটি প্রাণবন্ত করে তোলে স্থানীয় সাংস্কৃতিক সংগঠনগুলো।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রাহুল চন্দ।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজাপুর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. তালুকদার আবুল কালাম আজাদ, রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনার কর্মকর্তা ডাক্তার আবুল খায়ের মাহমুদ রাসেল, উপজেলা প্রাণী সম্পাদক কর্মকর্তা মো. আব্দুল্লাহ, উপজেলা কৃষি অফিসার মোসা. শাহিদা শারমিন আফরোজ।এছাড়াও বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাগণ, জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

উপজেলা নির্বাহী অফিসার তাঁর বক্তব্যে বলেন, “পহেলা বৈশাখ বাঙালির চেতনা, ঐতিহ্য ও সংস্কৃতির প্রতীক।এই দিনটি আমাদের মাঝে সাম্য, সৌহার্দ্য এবং সম্প্রীতির বন্ধনকে আরও জোরদার করে।” দিনব্যাপী আয়োজনে ছিল বৈশাখী খাবারের আয়োজন এবং পান্তা-ইলিশ পরিবেশন।পুরো অনুষ্ঠানকে কেন্দ্র করে ছিল উৎসবমুখর পরিবেশ।

উল্লেখ্য, এবারের পহেলা বৈশাখ উপলক্ষে রাজাপুরে নিরাপত্তা ব্যবস্থা ছিল কঠোর। সার্বিক ব্যবস্থাপনায় ছিল উপজেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী।

পহেলা বৈশাখ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:20

URL: https://www.timestodaybd.com/barishal/783775807